# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

**কুমিল্লা-৩৫০৬**

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd


স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৩৭০ তারিখ: ১২/০৯/২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

## কুবিতে পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মসূচি পালন

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের এস্টেট শাখার আয়োজনে 'পরিচ্ছন্ন পরিবেশ পরিচ্ছন্ন মন, গড়বো মোরা সবুজ ভুবন' স্লোগানকে নিয়ে পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মসূচি-২০২৩ পালন করা হয়েছে। মঙ্গলবার (১২ সেপ্টেম্বর) বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মঈন এই কর্মসূচির উদ্বোধন করেন।

এই কর্মসূচিতে আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আসাদুজ্জামান, প্রক্টর কাজী ওমর সিদ্দিকীসহ অন্যান্য শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এছাড়াও পরিবেশকে সুন্দর রাখার প্রত্যয়ে র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিটি প্রশাসনিক ভবন থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে বিজ্ঞান ভবনের সামনে গিয়ে শেষ হয়।

মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মঈন বলেন, এরকম একটি কাজে সম্পৃক্ত হতে পেরে আমার খুব ভালো লাগছে। শিক্ষার্থীদের আমি বলতে চাই, তোমরা শুধু আজকের জন্য না, সবসময়ের জন্য তোমাদের ক্যাম্পাসকে পরিষ্কার রাখবে। আমি শুধু বিশ্ববিদ্যালয়ই নয়, আমি চাই শিক্ষার্থীদের মনও পরিস্কার হোক, যাতে করে তারা বিশ্বের দরবারে কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে ইতিবাচকভাবে উপস্থাপন করতে পারে।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

০১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০২. পিএ টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৪. সংশ্লিষ্ট নথি।